# উচ্চশিক্ষায় গবেষণা বাড়াতে সরকারের নতুন উদ্যোগ: শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। ছবি: ভিডিও থেকে নেওয়া

শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, সরকারের দায়িত্ব গ্রহণের প্রথম ১৮০ দিনকে তিনি হানিমুন পিরিয়ড হিসেবে দেখছেন। এই সময়ের মধ্যে বিভিন্ন সমস্যা চিহ্নিত করা হয়েছে এবং এখন সেগুলো সমাধানে গুরুত্ব দেওয়া হচ্ছে।

সোমবার (১৭ আগস্ট) আয়োজিত কিউএস বাংলাদেশ ফোরাম ২০২৬ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, উন্নত দেশের বিশ্ববিদ্যালয়গুলোর ক্ষেত্রে কিউএস র‍্যাংকিংয়ের গুরুত্ব থাকলেও সার্কভুক্ত দেশগুলোর বিশ্ববিদ্যালয়গুলোকে একইভাবে মূল্যায়নের সুযোগ থাকা প্রয়োজন। এ ধরনের ব্যবস্থা চালু হলে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোরও এগিয়ে যাওয়ার সুযোগ তৈরি হবে।

তিনি আরও বলেন, দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে দীর্ঘদিনেও পিএইচডি কার্যক্রম চালু না হওয়া নিয়ে প্রশ্ন রয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণা কার্যক্রম আরও বিস্তৃত করা প্রয়োজন।

LENS ASIA

এহছানুল হক মিলন বলেন, দেশের অনেক গবেষক বিদেশে গিয়ে তাদের মেধা ও জ্ঞান কাজে লাগাচ্ছেন। অথচ তাদের দেশে ফিরিয়ে এনে কাজে লাগানোর ক্ষেত্রে নানা সীমাবদ্ধতা রয়েছে। এই বিষয়টি সরকারের নজরে এসেছে।

দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের গবেষণা সক্ষমতা বাড়ানোর পাশাপাশি মেধাবী গবেষকদের দেশের উন্নয়নে কাজে লাগাতে সরকার গুরুত্ব দিয়ে কাজ করছে বলেও জানান শিক্ষামন্ত্রী।